

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ  
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০  
e-mail: dmss@dgtfood.gov.bd  
web: www.dgtfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.৭১৫(৮)

তারিখঃ ১০/১০/২০১৭ খ্রিঃ

বিষয় : বিভিন্ন খাতে রেল, সড়ক ও নৌ পথে সর্বমোট ৩৬৮৯২ মেটন গমের চলাচল সূচি।

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগের বিভিন্ন এলএসডি/সিএসডি'র সেনা, ইপি/ওপি, বিজিডি, ভিজিএফ, জিআর ও চা-বাগান সহ বিভিন্ন খাতে চাহিদার প্রেক্ষিতে রেল, সড়ক ও নৌ পথে সর্বমোট ৩৬৮৯২ মেটন গমের চলাচল সূচি নিম্নোক্তভাবে জারি করা হলো।

পরিবহনের ক্ষেত্রে পালণীয় নির্দেশনাবলী :

- ১। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/নাগঞ্জ/আশুগঞ্জ সাইলো প্রেরক হিসেবে কার্য সম্পাদন করবেন।
- ২। আখানি/চসনি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রম অনুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।
- ৩। গম পরিবহন, বোঝাই এবং খালাসকালে কোন সমস্যা উদ্ভূত হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্বরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ সহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।
- ৫। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রনকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন।
- ৬। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।
- ৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদার ভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুত ও জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষর পূর্বক ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদার ভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ তার অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্তৃকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।
- ১০। সূচির মেয়াদ আগামী ২২/১০/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- ১২। সূচির নির্ধারিত তারিখের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহনে ব্যর্থ হলে পরবর্তীতে আর্থী ঠিকাদারের অনুকূলে উপ-সূচি জারি করার জন্য আখানি/চসনিদের অনুরোধ করা হলো।

- প্রাপক : ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম/ঢাকা/সিলেট।  
২। সাইলো অধীক্ষক, নাগঞ্জ/আশুগঞ্জ/চট্টগ্রাম সাইলো।  
৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ।  
৪। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম।

(মোঃ মিজানুর রহমান)  
উপ-পরিচালক (চপরেস)  
ফোন : ০২-৯৫৫১৪২৮

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.৭১৫/৮(২০০)

তারিখঃ ১০/১০/২০১৭ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি/অবগতির জন্য।

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিঃ মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, হিসাব ও অর্থ/সববি বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, .....
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। ব্যবস্থাপক, তেজগাঁও সিএসডি।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা ..... এলএসডি।
- ৮। সংশ্লিষ্ট স্থাপনায় ই-মেইল প্রেরণ।

(মোঃ মিজানুর রহমান)  
উপ-পরিচালক (চপরেস)  
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ

২০/১০/১৭

